

YouTube Google – Samim Sir

Mob – 9733383763

নবম শ্রেণী – ইতিহাস শর্ট প্রশ্ন উত্তর

প্রথম অধ্যায় – ফরাসি বিপ্লবের কয়েকটি দিক

(১) ফরাসি বিপ্লব কত খ্রিস্টাব্দে হয় ?

উত্তর – 1789 খ্রিস্টাব্দে।

(২) ফ্রান্সকে ‘ভ্রান্ত অর্থনীতির জাদুঘর’ কে বলেছেন ?

উত্তর – অ্যাডাম স্মিথ

(৩) ‘ওয়েলথ অব নেশনস (Wealth of Nations)’ গ্রন্থের রচয়িতা কে ?

উত্তর – অ্যাডাম স্মিথ

(৪) ‘আমিই রাষ্ট্র’ – কথাটি কে বলেছেন ?

উত্তর – রাজা চতুর্দশ লুই

(৫) রাজা ষোড়শ লুই-এর স্ত্রীর নাম কী ? [অথবা] অষ্ট্রিয়ার রাজকন্যা কে ছিলেন ?

উত্তর – মারি আঁতোয়ানেত

(৬) কোন রাজার আমলে ফরাসি বিপ্লব ঘটে ?

উত্তর – রাজা ষোড়শ লুই

(৭) ফ্রান্সের কোন রাজাকে ‘প্রজাপতি রাজা’ বলা হয় ?

উত্তর – পঞ্চদশ লুই

(৮) গ্যাবেলা কী ?

উত্তর – ফ্রান্সে লবণ করকে গ্যাবেলা বলা হয়।

(৯) টাইদ কী ?

উত্তর – টাইদ হল ফ্রান্সের ধর্মকর। ফরাসিরা উৎপন্ন ফসলের 10% ধর্মকর চার্চকে দেওয়া হত।

(১০) করভি কী ?

উত্তর – বিপ্লবপূর্ব ফ্রান্সে পারিশ্রমিক ছাড়াই বাধ্যতামূলক শ্রম করকে করভি বলা হত।

(১১) ক্যাপিটেশন কী ?

উত্তর – ফ্রান্সে এক প্রকার উৎপাদন করকে ক্যাপিটেশন বলা হয়।

(১২) লেতর দ্য ক্যাশে কী ?

উত্তর – লেতর দ্য ক্যাশে ছিল ফ্রান্সের এক ধরনের গ্রেফতারি পরোয়ানা। এর দ্বারা ফরাসি নাগরিক বিনা বিচারে কারাগারে নিষ্ক্ষেপ হত।

(১৩) ষোড়শ লুই কোন বংশের রাজা ছিলেন ?

উত্তর – বুরবোঁ বংশ।

(১৪) ফরাসি জাতীয় সভার নাম কী ?

উত্তর – স্টেটস জেনারেল

(১৫) টাইলে কী ?

উত্তর – ফ্রান্সে সম্পত্তি করের নাম টাইলে।

(১৬) মন্তেস্কু-এর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

উত্তর – (i) দ্য স্পিরিট অব লজ (ii) দ্য পার্সিয়ান লেটার্স

(১৭) রুশো-এর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

উত্তর – (i) সামাজিক চুক্তি (সোশ্যাল কনট্রাক্ট) (ii) অসাম্যের সূত্রপাত

(১৮) ভলতেয়ার-এর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

উত্তর – (i) কাঁদিদ (ii) লেতর ফিলজফিক (iii) দার্শনিকের অভিধান (iv) ফিলজফিকেল লেটার্স

(১৯) 'সাঁকুলোৎ' কথার আক্ষরিক অর্থ কী ?

উত্তর – সাঁকুলোৎ' কথার আক্ষরিক অর্থ হল প্যারিসের নিম্নশ্রেণির বিপ্লবী জনগণ। ফ্রান্সের শহুরে দরিদ্র শ্রেণির ভবঘুরে মানুষদের সাঁকুলোৎ বলা হয়।

(২০) ফরাসি বিপ্লবের পূর্বে ফ্রান্সের দুজন দার্শনিকের নাম লেখো।

উত্তর – (i) মন্টেস্কু (ii) রুশো (iii) ভলতেয়ার

(২১) ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির প্রবক্তা কে ছিলেন ?

উত্তর – মন্টেস্কু

(২২) ভলতেয়ারের প্রকৃত নাম কী ?

উত্তর – ফ্রান্সোইস ম্যারি আরুয়েৎ

(২৩) ফরাসি বিপ্লবের জনক কাকে বলা হয় ?

উত্তর – রুশোকে

(২৪) টেনিস কোর্টের শপথ কবে গৃহীত হয়েছিল ?

উত্তর – 1789 খ্রিস্টাব্দের 20 জুন।

(২৫) কত খ্রিস্টাব্দে ষোড়শ লুই গিলোটিন যন্ত্রে প্রাণ হারান ?

উত্তর – 1793 খ্রিস্টাব্দের 21 জানুয়ারি।

(২৬) ফ্রান্সের স্বাধীনতা দিবস কবে পালিত হয় ?

উত্তর – 14 জুলাই

(২৭) ফরাসি বিপ্লবের মূল আদর্শ বা নীতি বা শর্ত কয়টি ও কী কী ?

উত্তর – তিনটি। যেমন – সাম্য, মৈত্রী ও স্বাধীনতা

(২৮) রোবসপিয়ার / টিপু সুলতান কোন দলের নেতা ছিলেন ?

উত্তর – জ্যাকোবিন

(২৯) ফ্রান্সে কবে 'ব্যক্তি ও নাগরিকের অধিকার' ঘোষিত হয় ?

উত্তর – 1789 খ্রিস্টাব্দের 26 আগস্ট

(৩০) কত খ্রিস্টাব্দে ফ্রান্সে সন্ত্রাসের শাসনের সূচনা হয় ?

উত্তর – 1792 খ্রিস্টাব্দে (নেতৃত্বে দেন – রোবসপিয়র)

(৩১) ফরাসি বিপ্লবের সময় শিরোচ্ছেদ করার যন্ত্রটির নাম কী ?

উত্তর – গিলোটিন

(৩২) কে গিলোটিন যন্ত্র আবিষ্কার করেন ?

উত্তর – ড. যোসেফ ইগনেস গিলোটিন

(৩৩) ফ্রান্সে ‘লাল সন্ত্রাসের’ নেতা কে ছিলেন ?

উত্তর – রোবসপিয়র

(৩৪) কবে সেপ্টেম্বর হত্যাকাণ্ড হয়েছিল ?

উত্তর – 1792 খ্রিস্টাব্দে

(৩৫) কে পাদুয়ার ঘোষণা জারি করেন ?

উত্তর – লিওপোল্ড

(৩৬) ফ্রান্সে টাইদ কর কারা আদায় করত ?

উত্তর – যাজকরা

(৩৭) ফ্রান্সে তামাকজাত পণ্যের ওপর যে কর নেওয়া হত তার নাম কী ?

উত্তর – এইডস

(৩৮) ‘ফিজিওক্র্যাটস’ মতবাদের প্রবক্তা কে ?

উত্তর – রুশো

(৩৯) ফরাসি বিপ্লবের ‘ঝড়ের পাখি’ কাকে বলা হয় ?

উত্তর – রুশো (প্রকৃত নাম – জঁ জাকুইস রুশো)

(৪০) প্রথম সম্প্রদায় / এস্টেট – এ কারা ছিলেন ?

উত্তর – গ্রামীণ পাদরি, স্থানীয় যাজক, বিশপ প্রমুখ

(৪১) দ্বিতীয় সম্প্রদায় / এস্টেট – এ কারা ছিলেন ?

উত্তর – প্রশাসন, আইন ও বিচার বিভাগের উচ্চপদস্থ কর্মচারী, রাজার মন্ত্রী, শাসনকর্তা

(৪২) তৃতীয় সম্প্রদায় / এস্টেট – এ কারা ছিলেন ?

উত্তর – বুর্জোয়া, কৃষক, শ্রমিক, সাঁকুলোৎ

(৪৩) ভিৎটিয়েমে কী ?

উত্তর – ব্যবসা ও জমি থেকে আয়কর

Samim Sir - 9733383763